গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি
মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা,
ঢাকা-১২০৮।

DOT
ডিপার্টমেন্ট অফ
টেলিকমিউনিকেশন্স

নম্বর ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.১৯

তারিখ: ৭ মাঘ ১৪৩০
২১ জানুয়ারি ২০২৪

বিজ্ঞপ্তি/নোটিশ


বিষয়: **টেলিযোগাযোগ অধিদপ্তরের জানুয়ারি/২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার নোটিশ**

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে জানুয়ারি/২০২৪ মাসের সমন্বয় সভা আগামী ২২/০১/২০২৪ খ্রি. তারিখ সোমবার সকাল ৯.৩০ ঘটিকায় অধিদপ্তরের সম্মেলন কক্ষে (কক্ষ নম্বর ৪০৩) অনুষ্ঠিত হবে।

সভায় উপস্থাপনযোগ্য সুনির্দিষ্ট এজেন্ডা আগামী ২১/০১/২০২৪ খ্রি. তারিখ বিকাল ০১:০০ ঘটিকার মধ্যে উপপরিচালক (প্রশাসন) এর ইমেইলে (dd.admin@telecomdept.gov.bd) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উক্ত সভায় অধিদপ্তরের ৫ম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ (সংশ্লিষ্ট কর্মকর্তাসহ) অংশগ্রহণ করবেন।

সংযুক্তি : ডিসেম্বর/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।



২১-১-২০২৪
মোঃ মফিজ উদ্দিন
পরিচালক
ফোন: +৮৮০-২-৯৮৩০৪০০
ফ্যাক্স: 880-2-9830922
ইমেইল:
dir.admin@telecomde

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

২) পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর

৩) উপ-পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর

৪) উপপরিচালক, আইসিটি বাস্তবায়ন অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (তথ্য বাতায়নে আপলোডের অনুরোধসহ)

৫) উপপরিচালক, ট্যারিফ অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিজি মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬) সহকারী পরিচালক, প্রশাসন-২ শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর (সভায় আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য)

৭) অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

## টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত ডিসেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৪ ডিসেম্বর ২০২৩/ ৯ পৌষ ১৪৩০ |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

### ১) নভেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | নভেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ২৩/১১/২০২৩ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.৩০ ঘটিকায় অনুষ্ঠিত নভেম্বর/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়।<br><br>উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। |

### ২) নভেম্বর/২০২৩ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জমি বরাদ্দ সংক্রান্ত | সভায় মহাপরিচালক মহোদয় জানান যে, বিটিসিএলের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক বিটিসিএলের সাথে ডিওটি’র একটি MoU স্বাক্ষরের বিষয়টি চুড়ান্ত পর্যায়ে রয়েছে।<br><br>সভায় প্রকল্প পরিচালক, NAATRT প্রকল্প জানান যে, ডিপিপি প্রণয়নের পূর্বেই অত্র কম্পাউন্ড টেলিযোগাযোগ অধিদপ্তরের মালিকানায় আনতে হবে। এ বিষয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে একটি পত্র প্রেরণ করতে হবে।<br><br>সিদ্ধান্ত: টিটিসি’র জমির মালিকানা ডিওটি’র অনুকূলে হস্তান্তরের লক্ষ্যে প্রক্রিয়া শুরু করার জন্য পিটিডি বরাবরে পত্র প্রেরণ করতে হবে। | খসড়াপত্র প্রণয়নের কাজ চলছে। | |

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২ | এক ঠিকানায় সরকারি সেবা মাইগভ' নিয়ে অগ্রগতি | সভায় উপপরিচালক (প্রশিক্ষণ) জানান যে, মাইগভ টিম ২৬/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সংশোধনের কাজ সম্পন্ন করবে। পরবর্তীতে তাঁরা প্রশিক্ষণের তারিখ জানাতে পারবেন। মাইগভের মাধ্যমে প্রেরিত ডাকসমূহের রাউটিং নিয়েও সভায় আলোচনা হয়। আলোচনাশেষে সকল ডাক মহাপরিচালক বরাবরে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>সিদ্ধান্ত: মাইগভ এর মাধ্যমে টেলিযোগাযোগ অধিদপ্তরের সেবাসমূহ চালুর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মাইগভ টিম এ বিষয়টিতে কাজ করছে। তবে ডি-নথি চালুর পর মাইগভের সাথে integration সহজ হবে মর্মে জানানো হয়েছে।<br><br>সভায় উপপরিচালক (প্রশিক্ষণ) অবহিত করেন যে, মাইগভে সংযোজিত ডিওটি'র সেবা সংক্রান্ত ফর্মসমূহ আরো পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন রয়েছে। একাজে তাকে সহযোগিতার জন্য একটি কমিটি গঠনের প্রস্তাব করা হয়।<br><br>সিদ্ধান্ত: টেলিযোগাযোগ অধিদপ্তরে মাইগভ বাস্তবায়নের জন্য অনতিবিলম্বে একটি কমিটি গঠন করতে হবে। | বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন) |
| ৩ | পদোন্নতি বিষয়ে হালনাগাদ তথ্য | সভার পরিচালক (প্রশাসন) জানান যে, আগামী ২৮/১১/২০২৩ খ্রি. তারিখে নিম্নোক্ত ৩টি পদে পদোন্নতি/টাইমস্কেল এর জন্য ডিপিসি'র সভা আহবান করা হয়েছে-<br><br>১) ১৩তম গ্রেডের 'সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর/স্টেনোগ্রাফার' এর ৮টি পদে পদোন্নতি; ২) ১৪তম গ্রেডের 'মোটর ভেহিকেল ইন্সপেক্টর' এর ১টি পদে পদোন্নতি; এবং<br><br>৩) ১৪/১২/২০১৫ খ্রি. তারিখের পূর্বে প্রাপ্য ১৫, ১৬, ১৭ এবং ১৮ গ্রেড পদের টাইমস্কেল প্রদান।<br><br>অন্যান্য ক্যাটাগরির মধ্যে যেগুলিতে সম্প্রতি লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়েছে তাদের সার্ভিস বুক এবং মামলা সংক্রান্ত তথ্য সংগ্রহের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। তবে কিছু কিছু ক্ষেত্রে বিটিসিএল থেকে এখনও তথ্য পাওয়া যায়নি।<br><br>সভায় পরিচালক (প্রশাসন) আরও জানান যে, ইতোপূর্বে পিটিডি'তে 'নিয়োগকারী কর্তৃপক্ষ নির্ধারণ' এর বিষয়ে একটি পত্র প্রেরণ করা হয়েছে। এই প্রেক্ষিতে এখনও কোন সিদ্ধান্ত পাওয়া যায়নি।<br><br>সিদ্ধান্ত: সার্ভিস বুক এবং মামলার তথ্য প্রেরণের জন্য একটি সময়সীমা বেঁধে বিটিসিএলকে পত্র দিতে হবে। এরপর প্রাপ্ত তথ্যের ভিত্তিতে পদোন্নতির বিষয়টি দ্রুততার সাথে চূড়ান্ত করতে হবে। | মহাপরিচালক, ডিওটি'কে নিয়োগকারী কর্তৃপক্ষ নির্ধারণ করে পিটিডি পত্র প্রদান করেছে।<br><br>সার্ভিস বুক এবং মামলার তথ্য প্রেরণের জন্য বিটিসিএলকে পত্র দেয়া হয়েছে। প্রাপ্ত সার্ভিসবুক ও এসিআর ডিপিসি'র জন্য প্রস্তুত করা হচ্ছে। আগামী ০২/০১/২০২৪ খ্রি. তারিখে লাইনম্যান, ওয়্যারম্যান এবং ইউডিএ পদে পদোন্নতির জন্য ডিপিসি'র সভা করা হবে। | |
| ৪ | মামলা সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান মামলার অগ্রগতি প্রতিবেদন সংযুক্তি-১ এ প্রদান করা হয়েছে।<br><br>মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, মামলার তথ্যাদি পিটিডিতে প্রেরণের ক্ষেত্রে মামলাসমূহকে ১) বিভাগীয় মামলা, এবং ২) আদালতের মামলা-এই দুই শ্রেণিতে বিভক্ত করে প্রেরণ করতে হবে।<br><br>এছাড়া টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা মরহুম সাহেলা আক্তার আজাদ এর পারিবারিক পেনশনের বিষয়টি মতামতের জন্য সলিসিটর-এর নিকট তাগিদপত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত হয়। | মরহুম সাহেলা আক্তার আজাদ এর পারিবারিক পেনশনের বিষয়টি মতামতের জন্য সলিসিটর-এর নিকট তাগিদপত্র দেয়া হয়েছে। | |

**৩) ডিসেম্বর/২০২৩ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | পদোন্নতি সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মচারীদের পদোন্নতি সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি উপস্থাপন। | সভায় পরিচালক (প্রশাসন) পিটিডিতে প্রেরিত নিম্নোক্ত পদোন্নতি প্রস্তাবের হালনাগাদ তথ্য উপস্থাপন করেন-<br>ক) শূন্য ৪টি জিএম (ইঞ্জি.) পদের বিপরীতে পদোন্নতির জন্য প্রস্তাব পিটিডিতে ০৯/১১/২০২৩ খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে।<br>খ) শূন্য ৩০টি পরিচালক (ইঞ্জি.) পদের বিপরীতে পদোন্নতির জন্য প্রস্তাব পিটিডিতে ০৭/০৯/২০২৩ খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে।<br>গ) উপপরিচালক (অর্থ) ১টি পদের জন্য পদোন্নতির প্রস্তাব পিটিডিতে ১৭/১০/২০২৩ খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে।<br>ঘ) উর্ধ্বতন হিসাব রক্ষক এর ৩৩টি পদে পদোন্নতির জন্য প্রস্তাবনা পিটিডিতে ১৪/১২/২০২৩ খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে।<br>ঙ) উপসহকারী প্রকৌশলী এর ১০৬টি পদে পদোন্নতির জন্য প্রস্তাবনা পিটিডিতে ০৯/০৭/২০২৩ খ্রি. তারিখে প্রেরণ করা হয়েছে।<br><br>কর্মচারীদের সার্ভিসবুক এবং এসিআর পরীক্ষার সময় কিছু ভুল-ভ্রান্তি থাকায় সেগুলি সংশোধনে প্রচুর সময় ব্যয় হয়, যার ফলে নির্ধারিত সময়ে পদোন্নতি প্রদানের প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হয় না। এছাড়া উপ-সহকারী প্রকৌশলী পদে পদোন্নতি কার্যকর না হওয়ায় টিসিটি পদগুলি শূন্য হচ্ছে না এবং এর বিপরীতে পদোন্নতি প্রদানের প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে।<br>মহাপরিচালক সভায় নির্দেশনা প্রদান করেন যে, এসিআর প্রদানের সময় অনুবেদনকারী এবং প্রতিস্বাক্ষরকারী উভয়কেই পুংখানুপুংখরূপে তথ্যাদি যাচাই করে নিতে হবে। এছাড়া তিনি পদোন্নতি কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য তাগিদ প্রদান করেন। | পরিচালক (প্রশাসন) |

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২ | নির্বাচনকালীন নির্দেশনা | জাতীয় সংসদ নির্বাচনকালীন সময়ে কর্মকর্তা/কর্মচারীদের পালনীয় বিষয়সমূহ আলোচনা। | সভায় উপপরিচালক (প্রশাসন) পিটিডি'র নির্দেশানার পরিপ্রেক্ষিতে অধিদপ্তরের সার্বিক সেবা নির্বিঘ্ন রাখার জন্য প্রস্তুতকৃত খসড়া Standard Operating System (SOP) উপস্থাপন করেন (কপি সংযুক্ত)। এর পরিপ্রেক্ষিতে সভায় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়-<br>১) ডিওটিতে আগত পেনশন সেবা গ্রহণকারীগণ যেনো সংশ্লিষ্ট শাখা ব্যতীত গুরুত্বপূর্ণ স্থাপনা যেমন- সিটিডিআর সেন্টার, জেনারেটর রুম, ব্যাটারী রুম ইত্যাদিতে না প্রবেশ করেন সেটা খেয়াল রাখতে হবে। সিটিডিআর সেন্টারের গুরুত্ব নির্দেশনায় বিশেষভাবে স্থান পায়।<br>২) থানা, ফায়ার সার্ভিস ইত্যাদি গুরুত্বপূর্ণ নম্বরসমূহ সহজে নজরে পড়ে এমন জায়গায় ভালোভাবে লাগিয়ে দিতে হবে।<br>৩) সিটিডিআর সেন্টার এবং এর সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রাংশসমূহ ভালোভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।<br>৪) অধিদপ্তরে আগত সেবাগ্রহণকারীদের প্রবেশের সময় রেজিষ্ট্রার খাতায় এন্ট্রি দিতে হবে। | উপপরিচালক (প্রশিক্ষণ) |
| ৩ | মামলা সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান মামলার অগ্রগতির উপর আলোচনা। | টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান মামলার অগ্রগতি প্রতিবেদন সংযুক্তি-১ এ প্রদান করা হয়েছে।<br>মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, বিভাগীয় মামলার তথ্যাদি পিটিডিতে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে তথ্যসমূহ পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) অনুবিভাগ থেকে পরিচালক (প্রশাসন) অনুবিভাগ বরাবরে প্রেরণ করতে হবে। পরবর্তীতে প্রতিবেদন আকারে পিটিডিতে করার জন্য পরিচালক (প্রশাসন) ব্যবস্থা নিবেন। | পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা)/ উপপরিচালক (ফ্রিকোয়েন্সি মনিটরিং) |

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪ | প্রকল্প সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান প্রকল্পসমূহের অগ্রগতির উপর আলোচনা। | ১। সুবিধাবঞ্চিত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পটির মেয়াদ ৩১/১২/২০২৩ খ্রি. তারিখে শেষ হবে। সাইটগুলিতে এখনও ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়নি, তবে সবগুলি সাইটে সংযোগ কার্যক্রম বিটিসিএল-এর সম্পন্ন করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এছাড়া প্রকল্প সমাপ্তির পর তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিকট হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরও জানান যে, কনটেন্টসমূহ নবায়নের কাজটি টেলিফোন শিল্প সংস্থা কর্তৃক করা হচ্ছে।<br>২। সিটিডিআর ফেইজ-২ প্রকল্প হতে জানানো হয় যে, প্রকল্পের আওতায় ৫-জনের বৈদেশিক প্রশিক্ষণের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। এছাড়া ডলারের দরবৃদ্ধির কারণে বিদেশ থেকে আনা প্রকল্পের যন্ত্রপাতির বিপরীতে খোলা এলসি'র আংশিক পেমেন্ট বাকী রয়েছে।<br>৩। NAATRT প্রকল্পের প্রকল্প পরিচালক টিটিসি'র জমি ডিওটি'র অনুকূলে বরাদ্দ প্রদানের বিষয়টি উপস্থাপন করেন। ইতোপূর্বে বিসিসিএলের সাথে একটি MoU স্বাক্ষরের জন্য পত্র দেয়া হয়। সচিব মহোদয়কে অনুলিপি দিয়ে বিটিসিএলকে তাগিদপত্র প্রদানের বিষয়টি সভায় আলোচনা হয়। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |
| ৫ | নভেম্বর/২০২৩ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি<br>খ) আঠারো মাসের এককালীন থোক মঞ্জুরি<br>গ) জিপিএফ মঞ্জুরি<br>ঘ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরি<br>ঙ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরি<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী<br>ছ) কর্মকর্তা-কর্মচারীগণের উচ্চতর গ্রেড/ সিলেকশন গ্রেড মঞ্জুরী বিষয়ক আবেদন। | ক) যোগদান ও পদস্থাপনের ২২টি, এবং পিআরএল মঞ্জুরির ২২টি আবেদনের সবগুলিই নিষ্পত্তিকৃত।<br>খ) প্রাপ্ত মোট ৩৫টি আবেদনের মধ্যে ৬টি আবেদন প্রক্রিয়াধীন আছে।<br>গ) মোট ১৮৫টি জিপিএফ আবেদনের মধ্যে ১৫টি আবেদন সিস্টেমের ব্যালেন্স শীট, জিপিএফ স্লিপের সাথে নামের গড়মিল থাকায় প্রক্রিয়াধীন আছে।<br>ঘ) প্রাপ্ত মোট ৩৫টি পূর্ণাঙ্গ আবেদনের মধ্যে সিএএফও অফিসে প্রেরণ করা হয়েছে ২৭টি। প্রক্রিয়াধীন আছে ১৩টি আবেদন।<br>ঙ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>চ) পাসপোর্টের অনাপত্তিপত্রের ৯টি আবেদন, অর্জিত ছুটি (বহি: বাংলাদেশ)-এর ১১টি আবেদনসহ ছুটি বিষয়ক সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। | সেবা মনিটরিং কমিটি |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.২৫৮

তারিখ: ১১ পৌষ ১৪৩০
২৬ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৩) পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর
৪) উপ-পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর
৫) প্রকল্প পরিচালক, সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স (ফেইজ-২) প্রকল্প, টেলিযোগাযোগ অধিদপ্তর
৬) সহকারী পরিচালক, প্রশাসন-২ শাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর
৭) অফিস, কপি



মোঃ মফিজ উদ্দিন
পরিচালক